

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : সামাজিক সহায়তা ক্লাস্টার কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ ইসমাইল,
অতিরিক্ত সচিব (কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়।
তারিখ ও সময়: ৩০ সেপ্টেম্বর ২০১৯, সকাল ১১.০০টা
সভার স্থান : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ক্লাস্টার গঠন সম্পর্কে ভূমিকা বর্ণনা করেন। সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত এ্যাকশন প্লান অনুযায়ী তার মন্ত্রণালয়ের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ০৪টি কার্যক্রম যথাক্রমে Child Benefit program, Vulnerable Women's Benefit (VWB), Workplace Childcare Services এবং Child maintenance payment। এ্যাকশন প্লান অনুযায়ী এর কার্যক্রম সংশিষ্ট মন্ত্রণালয়ে চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত কার্যক্রমে সুবিধাভোগীদের ইলেকট্রনিক পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম অর্থ বিভাগ ও এ২ আই এর সহায়তায় বাস্তবায়িত হচ্ছে।

২. সভাপতি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ যথা বয়স্ক ভাতা কার্যক্রম, প্রতিবন্ধী ভাতা কার্যক্রম, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কার্যক্রমসহ প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমসমূহের হালনাগাদ তুলনামূলক বাস্তবায়ন অগ্রগতি ক্লাস্টারভুক্ত অন্যান্য মন্ত্রণালয়ের প্রতিনিধিদের অবহিত করেন।

৩. সভায় উপস্থিত ক্লাস্টারভুক্ত অন্যান্য মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ স্ব স্ব মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন।

৪. বিস্তারিত আলোচনা পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) প্রতি ০৩ মাস অন্তর সভা করে সামাজিক নিরাপত্তা ক্লাস্টারভুক্ত মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে;

(খ) কর্মসূচি বাস্তবায়নে দ্বৈততা পরিহার করার জন্য আগামী সভায় পরামর্শ প্রদান করতে হবে।

৫. সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ইসমাইল
অতিরিক্ত সচিব (কার্যক্রম)